সংবাদ

তারিখ ... 16 DEC 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ......

বেতন বৈষম্য দূর না করলে অনশন

# প্রাথমিক সহকারী শিক্ষক মহাজোটের আলটিমেটাম

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

সরকার আগামী ২২ ডিসেম্বরের মধ্যে প্রধান শিক্ষকদের সঙ্গে সহকারী শিক্ষকদের বেতন বৈষম্য দূর না করলে ২৩ ডিসেম্বর থেকে আমরণ অনশন কর্মসূচি পালনের আলটিমেটাম দিয়েছে বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক মহাজোট। শুক্রবার দুপুরে নারায়ণগঞ্জ প্রেসক্লাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলন করে এ আলটিমেটাম ঘোষণা করা হয়। প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষকের পরের ধাপে প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষকের বেতন স্কেল নির্ধারণের এক দফা দাবিতে সংগঠনটি এ সংবাদ সম্মেলনের আয়োজন করে। বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক মহাজোটের শরিক সংগঠন জাতীয় প্রাথমিক সহকারী শিক্ষক ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক আমিনুল হক ভূঁইয়ার সভাপতিত্বে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করে শোনান মিডিয়া সম্পাদক হায়াত মাহমুদ। সংবাদ সম্মেলনে সংগঠনের অন্য নেতারাসহ জেলার বিভিন্ন উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, জাতির জনক বঙ্গবন্ধুর সময়ে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের মধ্যে বেতন স্কেলের ব্যবধান না থাকলেও বর্তমানে তিন ধাপ ব্যবধানে পরিণত হয়েছে। এর ফলে ১৬ বছর পর চাকরি জীবন শেষে একজন প্রধান শিক্ষকের সঙ্গে সহকারী শিক্ষকের বেতনের ব্যবধান হবে ভাতাসহ প্রায় ২০ হাজার টাকা। বর্তমানে একজন প্রধান শিক্ষক যে স্কেলে চাকরি শুরু করেন, একজন সহকারী শিক্ষক সেই স্কেলে চাকরি শেষ করেন। যা সহকারী শিক্ষকদের জন্য চরম বৈষম্যের ও খুবই হতাশাজনক ব্যাপার। বক্তারা আগামী ২২ ডিসেম্বরের মধ্যে এ বৈষম্য দূর করে সহকারী শিক্ষকদের বেতন স্কেল সঠিকভাবে নির্ধারণের দাবি জানান। অন্যথায় ২৩ ডিসেম্বর থেকে সারাদেশে আমরণ অনশন কর্মসূচি পালন করা হবে বলে সরকারকে হুঁশিয়ারি দেন।